## বিজ্ঞান শিবিরের অভ্যর্থনা সমিতি

| | |
|---|---|
| চেয়ারম্যান ঃ অধ্যাপক সত্যজিৎ ধাড়া | শ্রীমতী শ্রাবণী বড়াল |
| সদস্যবৃন্দ ঃ অধ্যাপক দেবব্রত জানা | অধ্যাপিকা শিনজিনী ভট্টাচার্য্য |
| অধ্যাপক নৃপেন্দ্রনাথ পুরকাইত | শ্রী পি.কে. দে সরকার |
| অধ্যাপক দিলীপ কুমার পাল | শ্রী সুভাষ চন্দ্র ঘোষ |
| অধ্যাপক প্রদীপ কুমার মাইতি | শ্রী দেব কুমার দাস |
| শ্রী অখিল রঞ্জন পড়ুয়া | শ্রী অসীম চ্যাটার্জী |
| শ্রী উদয় চন্দ্র ঘোষ | শ্রী ধীরেন সরকার |
| ডাঃ মৃত্যুঞ্জয় দাস | শ্রী বলাই চন্দ্র পাল |
| ডাঃ দেবাশীষ চৌধুরি | শ্রী সমীর বিশ্বাস |
| ডাঃ এল.এন. মাইতি | শ্রী পিন্টু কুমার মান্না |
| শ্রীকুমার ব্যানার্জী | শ্রী তথাগত দে |
| ড: শুভ্রপ্রকাশ কাজলী | শ্রী শুভঙ্কর জানা |
| শ্রী কুন্ডুপদ গায়েন | শ্রী প্রলয় শংকর বর্মণ |


**যোগাযোগ ঃ সম্পাদক, অন্বেষণ বিজ্ঞান সংস্থা (গড়িয়া)**
**বিজ্ঞান ভবন, উত্তর পাঁচপোতা (বদনচন্দ্র স্কুলের বিপরীতে)**
**মোবাইল - ৭৪৩৯৬৮৭৭১১**

e-mail : absthesciencesociety@gmail.com
Web Page URL : https://absthesciencesociety.wordpress.com
Facebook : www.facebook.com/absthesciencesociety



চতুর্বিংশতিতম বার্ষিক বিজ্ঞান শিবিরের পক্ষে শ্রী অসীম দাস কর্তৃক প্রকাশিত ও শ্রী হিরণ সরকার কর্তৃক প্রচারিত।


চতুর্বিংশতিতম বার্ষিক বিজ্ঞান শিবির উপলক্ষে

# বিজ্ঞান মেলা

মে ০৬ - ০৭, ২০২৩

স্থান ঃ বালিয়া নফর চন্দ্র বালিকা বিদ্যালয় (গড়িয়া)

ব্যবস্থাপনায়

**অন্বেষণ বিজ্ঞান সংস্থা ( গড়িয়া )**

## চতুর্বিংশতিতম বার্ষিক বিজ্ঞান শিবির উপলক্ষে আয়োজিত
## বিজ্ঞান মেলায় সকলকে সাদর আমন্ত্রণ

প্রিয় বন্ধু,

আমাদের সংগঠনের একটি সংক্ষিপ্ত পরিচয় দিয়ে শুরু করছি। বিজ্ঞানের বিকাশের এ যুগেও বহু মানুষের মধ্যে কাজ করে চলেছে অবৈজ্ঞানিক নানা কুসংস্কার, জাত-পাত-ধর্মের গোঁড়ামির জন্য অসহিষ্ণুতা, তুকতাক ও গ্রহ-রত্ন-জ্যোতিষে অন্ধবিশ্বাস ইত্যাদি - যা সমাজের উন্নতি, দেশের উন্নতি, দশের প্রগতিতে বাধার সৃষ্টি করছে। এই পটভূমিকায় সমাজে কুসংস্কারমুক্ত যুক্তিবাদী বিজ্ঞান চেতনা প্রসারের উদ্দেশ্যে গড়িয়া নিবাসী কিছু বিজ্ঞান সচেতন মানুষ ২০০০ সনে প্রতিষ্ঠা করেছিলেন অন্বেষণ বিজ্ঞান সংস্থা (গড়িয়া) (রেজি. নং: SO10 8214 of 2001-2002) নামে এক স্বেচ্ছাসেবী, বিজ্ঞান ও সমাজসেবী সংগঠন। শুরু থেকেই এই সংস্থা গড়িয়া স্টেশন সংলগ্ন বিস্তীর্ণ এলাকায় মানুষের মধ্যে বিজ্ঞান চেতনা প্রসারে বহু সেমিনার, স্লাইড শো ও কর্মশালার আয়োজন করেছে। আমাদের সংস্থা মাঝে মাঝেই বিনামূল্যে চিকিৎসা শিবির, ব্লাড গ্রুপ নির্ণয় শিবির, পানীয় জলে আর্সেনিক নির্ণয় ও প্রতিকারের জন্য ক্যাম্প করেছে। সর্বদাই প্রাকৃতিক বিপর্যয়ে মানুষের পাশে দাঁড়িয়েছে। গরীব ছাত্রছাত্রীদের পড়াশোনায় সাহায্য হিসেবে বিনামূল্যে পুস্তক বিতরণ, এককালীন অর্থ সাহায্য বা বৃত্তি প্রদানের ব্যবস্থা করা হয়েছে। বিদ্যালয়ের ছাত্রছাত্রীদের বিজ্ঞান ও গণিত শিক্ষার মানোন্নয়ন করতে ২০১৬ সন থেকে অনুষ্ঠিত হয়েছে 'বিজ্ঞান মেধা অন্বেষণ পরীক্ষা'। স্কুলে স্কুলে গণিত বিষয়ে ওয়ার্কশপ, হাতে কলমে বিজ্ঞান শিক্ষার ক্লাসেরও ব্যবস্থা করা হয়েছে।

প্রতি বছর পালন করা হয় মণীষী জয়ন্তী। আপনাদের আনন্দের সঙ্গে জানাই সংস্থার পক্ষ থেকে দুটি বিশেষ আকর্ষণীয় প্রকল্প — 'ক্ষুদে বিজ্ঞানীর আসর' ও 'শিশু বিকাশ কেন্দ্র' শুরু হয়েছে। এ-বিষয়ে জানতে আমাদের প্রকাশিত বিজ্ঞপ্তি দেখুন। আমাদের অত্যন্ত আনন্দের একটি বিষয় আপনাদের জানাতে চাই তা'হল পশ্চিমবঙ্গে বিজ্ঞান চিন্তা জনপ্রিয়করণের কাজে সামগ্রিক আবদনের জন্য শ্রেষ্ঠ বিবেচিত হয়ে অন্বেষণ বিজ্ঞান সংস্থা (গড়িয়া) ২০১৫ সনে রাজ্য বিজ্ঞান ও প্রযুক্তি বিভাগ দ্বারা প্রদত্ত মর্যাদাপূর্ণ 'মেঘনাদ পুরস্কার' লাভ করেছে।

অন্বেষণ বিজ্ঞান সংস্থার সারা বছরের কর্মকাণ্ডের মধ্যে বার্ষিক বিজ্ঞান মেলা হল এক অতি আকর্ষণীয় অনুষ্ঠান। এই উপলক্ষে আয়োজিত সেমিনার, বিজ্ঞান প্রদর্শনী, সাংস্কৃতিক উপস্থাপনা, অঙ্কন প্রতিযোগিতা, বাগ্মীতা প্রতিযোগিতা, সায়েন্স কুইজ ইত্যাদি নানা কর্মসূচি ছাত্রছাত্রী ও জনসাধারণের মধ্যে বিজ্ঞান ও সংস্কৃতি বিষয়ে আগ্রহ সৃষ্টি করতে সফল হয়েছে। বিজ্ঞান মেলায় বিভিন্ন স্কুল থেকে ছাত্র প্রতিনিধি অংশ গ্রহণ করে।

২০২৩ সনে চতুর্বিংশতিতম বার্ষিক বিজ্ঞান শিবির উপলক্ষে আয়োজিত বিজ্ঞান মেলা অনুষ্ঠিত হবে মে ৬ ও ৭ তারিখে। অন্বেষণ বিজ্ঞান সংস্থার পক্ষ থেকে প্রকৃতিবিদ ও বিবর্তনবাদের জনক অসাধারণ বিজ্ঞানী চার্লস ডারউইনের মৃত্যু বার্ষিকী উপলক্ষে তাঁকে স্মরণ ও শ্রদ্ধা জানানো হবে। বিজ্ঞান মেলা উদ্বোধন করবেন ও সেমিনারে বলবেন প্রখ্যাত অধ্যাপক চিকিৎসক ডা: অর্ণব সেনগুপ্ত। সেমিনারের আলোচনার বিষয়-Heart Failure : বিজ্ঞান ও প্রতিকার। ডা: সেনগুপ্তের আকর্ষণীয় আলোচনা শুনতে ছোট বড় সকলেই সাগ্রহে অপেক্ষা করবেন।

আপনাদের কাছে একটি আবেদন রাখছি। আমাদের কর্মকাণ্ডকে সার্থকভাবে পরিচালিত করতে ও নূতন কর্মকাণ্ডকে সার্থকভাবে রূপায়িত করতে গেলে প্রচুর অর্থের প্রয়োজন। আমরা বিনীতভাবে আপনাদের কাছে অর্থ সাহায্যের আবেদন রাখছি। অর্থ সাহায্য নগদ টাকায় দিতে পারেন A/C Payee Cheque দিতে পারেন বা সরাসরি আমাদের Bank A/C এ পাঠাতে পারেন। A/C Holder :ANWESHAN BIGYAN SANSTHA (GARIA), Bank A/C No.:08481000000639, IFSC Code: PSIB0000848, Punjab and Sind Bank. এই পত্রের শেষে যোগাযোগের ঠিকানা, Website ও Facebook page দেওয়া আছে।

চতুর্বিংশতিতম বার্ষিক বিজ্ঞান শিবির আপনাদের সর্বপ্রকার সাহায্য ও সহযোগিতায় সফল হবে এই আমাদের প্রত্যাশা।

ধন্যবাদান্তে,

| | | |
|---|---|---|
| অধ্যাপক ড: জ্ঞানাঞ্জন নাগ<br>(সভাপতি) | শ্রী সন্দীপন মহাপাত্র<br>(সম্পাদক) | শ্রীমতী বলাকা হাতি<br>(সহ সভাপতি) |
| অধ্যাপক ড: বিকাশ কুমার সিনহা<br>(প্রধান বিজ্ঞান উপদেষ্টা) | ডাঃ প্রণীত কুমার মিশ্র<br>(সহ- সম্পাদক) | ডঃ সৌরভ রায়<br>(সহ- সম্পাদক) |

### কর্মসূচী

**মে ৬, ২০২৩ শনিবার ঃ**

বিকাল ৫টা ঃ চতুর্বিংশতিতম বিজ্ঞান মেলার উদ্বোধন অনুষ্ঠান
উদ্বোধক ঃ অধ্যাপক ডা : অর্ণব সেনগুপ্ত, ডিপার্টমেন্ট অফ ফিজিওলজি, ইনস্টিটিউট অফ পোস্ট গ্রাজুয়েট মেডিক্যাল এডুকেশন অ্যান্ড রিসার্চ, এস. এস. কে. এম. হসপিটাল
বিকাল ৫:৩০ ঃ সেমিনার ঃ Heart Failure : বিজ্ঞান ও প্রতিকার
বক্তা ঃ অধ্যাপক ডা: অর্ণব সেনগুপ্ত
সন্ধ্যা ৭টা ঃ বিজ্ঞান প্রদর্শনী ও সাংস্কৃতিক উপস্থাপনা

**মে ৭, ২০২৩ রবিবার ঃ**

সকাল ৮টা ঃ অঙ্কন প্রতিযোগিতা
সকাল ১০টা ঃ তাৎক্ষনিক বক্তৃতা
দুপুর ১২:৩০ টাঃ কুইজ প্রতিযোগিতা
বিকাল ৪টা ঃ সায়েন্স মডেল প্রতিযোগিতা
বিকাল ৪টা-৭টা ঃ বিজ্ঞান প্রদর্শনী
সন্ধ্যা ৬টা ঃ সাংস্কৃতিক উপস্থাপনা
রাত্রি ৮ টা ঃ পুরস্কার বিতরণী

**৫ই মে ঃ বিজ্ঞানের জন্য পদযাত্রা**
জমায়েত ঃ বালিয়া নফর চন্দ্র বালিকা বিদ্যালয়, বিকাল ৪:৩০টা